

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়

তারিখঃ ১৯/০১/২০১০ খ্রিঃ


প্রিয় সংস্থা প্রধান,

সুইজারল্যান্ড ভিত্তিক The New7Wonders Foundation নামীয় সংস্থা কর্তৃক ঘোষিত New 7 Wonders of Nature প্রতিযোগিতার বিষয়টি আপনি নিশ্চয়ই অবগত আছেন। বিশ্বব্যাপী আলোড়ন সৃষ্টিকারী এই প্রাকৃতিক সপ্তাচার্য নির্বাচনে বাংলাদেশের অসংখ্য মানুষ তাঁদের সাধ্যমত ভোটাধিকার প্রয়োগ করে বাছাইকৃত ২৮টি দর্শনীয় স্থানের মধ্যে সুন্দরবনকে ঠাই করে দিয়েছে।

বাংলাদেশের সাধারণ জনগণ ও সংস্থা এ প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে সুন্দরবনকে দর্শনীয় স্থানে উঠিয়ে এনেছে; কিন্তু সুন্দরবনকে সপ্তাচার্য-এর স্থায়ী তালিকায় ঠাই দিতে হলে ২০১১ সন পর্যন্ত এ প্রতিযোগিতায় নিয়মিত ও নিবিড়ভাবে অধিক সংখ্যক ভোটের প্রয়োজন হবে। ইন্টারনেট এর যুগে টেলিফোন ও মোবাইলের সাথে ইন্টারনেটের মাধ্যমে এ ভোটযুদ্ধে অংশগ্রহণ সম্ভব। ইতোমধ্যে বাংলাদেশ টেলিকমিনিউকেশন লিঃ সুইজারল্যান্ডকে ইকোনমিক কলিং জোনে অন্তর্ভুক্ত করেছে মর্মে আমরা জানতে পেরেছি। সুন্দরবনকে এ নির্বাচনে টিকিয়ে রাখার জন্য পরিবেশ ও বন মন্ত্রণালয় ব্যাপক ভোট প্রদানের জোড়ালো কর্মসূচী গ্রহণ করার অনুরোধ করেছে।

এমতাবস্থায়, সুন্দরবনকে প্রথম ৭টি প্রাকৃতিক দর্শনীয় স্থানের তালিকায় অন্তর্ভুক্ত করার নিমিত্ত <http://www.vote7.com/n7w/nature> শীর্ষক ওয়েবসাইটে অথবা +44 87 218 400 07 এবং +44 20 334 709 01 নম্বরে টেলিফোনে সুন্দরবনের Nominee Code 7724 উল্লেখ করে সুন্দরবনের পক্ষে ব্যাপক ভোটাধিকার প্রয়োগের লক্ষ্যে আপনাকে এবং আপনার সংস্থার সকলকে অনুরোধ করছি।

একান্তভাবে আপনার



মুশতাক হাসান মুহঃ ইফতিখার

মহাপরিচালক

এনজিও বিষয়ক ব্যুরো।